মেহেরপুর পৌরসভা কার্যালয়
তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্য বিবরনী

সভার স্থান ঃ পৌরসভা কাঁলাচাদ সভাকক্ষ।	সভার তারিখ ঃ ২১/০৩/২০১৮ খ্রিঃ	সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।	সভাপতি ঃ **জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন** মেয়র, মেহেরপুর পৌরসভা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্য্য বিবরণী পাঠ ও অনুমোদন

বিগত সভার কার্যবিবরণী পাঠ	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে)	সিদ্ধান্ত
১। কার্যবিবরণী পাঠ করেন জনাব, মোঃ তফিকুল আলম, সচিব, মেহেরপুর পৌরসভা	কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়।	কোন সংশোধনীর প্রয়োজন নাই	সর্বসম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরনী অনুমোদিত হয়।

আলোচ্যসূচী - ২ ঃ UGIIP-III এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

ক্ষেত্র - ১। নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১.	ক) TLCC গঠন ও কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	বিগত ২৪ডিসেম্বর/২০১৭ খ্রীঃ তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠিত হয়েছিল । -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হয়। পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুযায়ী মেহেরপুর পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা করা চলমান রয়েছে। TLCC এর সদস্য সচিব ও অত্র পৌরসভার সচিব জনাব মোঃ তফিকুল আলম সভায় জানান যে সভায় ৫০ সদস্যের মধ্যে ৪১ জন সদস্য উপস্থিত আছেন। মেয়র জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন বলেন সকল সদস্যগণকে উপস্থিত	আগামী ৩০জুন/২০১৮ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা হবে । - TLCC এর সম্মানিত সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য মেয়র মহোদয় সকলকে অনুরোধ জানান। -TLCC এর সম্মানিত সদস্যবৃন্দদের নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান। -পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে। -সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে ।	মেয়রও সচিব	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		থেকে তাকে সার্বিক ভাবে সহযোগিতা করা জন্য অনুরোথ জানান। সে প্রেক্ষিতে তিনি সকল সদস্যগণকে পরবর্তী TLCC সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জনান।			
২.	খ) WC গঠন ও কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	- অদ্যকার সভায় জনাব মোঃ তফিকুল আলম, সচিব, মেহেরপুর পৌরসভা বলেন যে, পৌরসভা আইন ২০০৯ এর ১৪ ধারা অনুযায়ী অত্র পৌরসভায় ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা করার কাজ চলমান রাখা হয়েছে। জানুয়ারী-মার্চ/২০১৮ইং এর ত্রৈমাসিকের WC সভা সম্পন্ন করা হয়েছে এবং কার্যাববরনী তৈরী করা হয়েছে। WC সভা থেকে আগত বিভিন্ন গুরুত্বপূর্ণ সমস্যগুলো সমাধানের জন্য TLCC এর সদস্য দের মধ্যে আলোচনা করেন। তিনি আরও বলেন বিগত সভার কার্যবিবরনী তৈরী করে সভার ৭ দিন পূর্বে সকল সদস্যদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং কার্যবিবরনী ০৫/০৪/১৮ইং তারিখের মধ্যে PMO তে প্রেরন করা হবে।	আগামী ৩০জুন/২০১৮খ্রিঃ এর মধ্যে ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা হবে । -পরবর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হবে । সভার কার্যবিবরনী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরন করা হবে । বিভিন্ন ওয়র্ডের WC এর সভা থেকে চিহ্নিত সমস্যা সমাধানের জন্য পৌর পরিষদের সভায় আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। -পরবর্তী কোয়াটারে WC এর সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করা এবং প্রতিটি ওয়ার্ডের নির্দিষ্ট স্থানে মিটিং এর স্থান নির্ধারন করে WC এর সভা ৩০/০৩/২০১৮ইং তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য মেয়র মহোদয় সন্মানীত কাউন্সিলর বৃন্দকে অনুরোধ করেন	সচিব/সদস্য সচিব WC	
৩.	গ) নাগরিক সনদ (CC) তৈরী / প্রয়োজনীয় সংশোধন ও পরিবর্তন করা। পরিবর্তন সংযোজন পূর্বক TLCC কর্তৃক অনুমোদিত ও	-মেহেরপুর পৌরসভায় নাগরিক সনদ প্রদর্শিত আছে। নির্দেশনা অনুযায়ী উহা সংশোধন ও সংযোজন করা হয়েছে। সিটিজেন চার্টার বুকলেট আকারে প্রকাশ করা হয়েছে এবং উহা PMO, মন্ত্রণালয়, সকল পৌরসভা, স্থানীয় গুরুত্বপূর্ণ সকল অফিস এবং বিশিষ্ট্য ব্যাক্তি বর্গকে প্রদান করা হয়েছে এবং প্রদান করা	সভায় TLCC সদস্য জনাব হাসিনা খাতুন নাগরিক সনদ পৌরসভা ছাড়াও গুরুত্বপূর্ণ আরোও দুটি স্থানে প্রদর্শন করায় সন্তুষ্টি প্রকাশ করেন। সকলে মতামত ব্যক্ত করেন পৌরসভার প্রতিটি ওয়ার্ডে পর্যায়ক্রমে সিটিজেন চার্টার স্থাপন করলে জনগণ আরোও উপকৃত হবে। সকলের মতামতের প্রেক্ষিতে পর্যায়ক্রমে পৌরসভার সকল ওয়ার্ডে সিটিজেন চার্টার স্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও সচিব	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	পৌরসভা অফিসে প্রদর্শন করা।	অব্যাহত আছে। সিটিজেন চার্টার স্থানীয় পত্রিকায় প্রকাশ করা হয়েছে। এছাড়া নতুন করে পৌরসভার গুরুত্বপূর্ণ দুটি জায়গায় সিটিজেন চার্টার প্রদর্শন করার বিষয়ে সভায় আলোচনা হয়েছে।			
৪.	ঘ) তথ্য ও অভিযোগ প্রতিকার সেল কার্যকর রাখা বিষয়ে আলোচনা।	অদ্যবধি পর্যন্ত ৯টি ওয়ার্ড থেকে মোট ২৩টি লিখিত ও মৌখিক অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাপ্ত অভিযোগের মধ্যে সবগুলো অভিযোগই নিস্পত্তি হয়েছে। TLCC এর সদস্য সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর, জনাব শিউলি খাতুন বলেন, অভিযোগ বক্সটি বর্তমানে নিয়মিতভাবে খোলা হচ্ছে এবং এই কার্যক্রম সচল রাখার ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। যে সকল অভিযোগ পাওয়া গিয়েছে তা যথারীতি নথিভূক্ত করা হয়েছে ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ সমুহ কমিটির মাধ্যমে নিস্পত্তি করা হয়েছে এবং কার্যক্রম চলমান রাখা হবে। সকল অভিযোগ নিস্পত্তির সময় উভয় পক্ষকে উপস্থিত রাখা এবং সিদ্ধান্ত লিখিত ভাবে উভয় পক্ষকে অবহিত করা হয়েছে। প্রাপ্ত অভিযোগ/সমাধানকৃত অভিযোগসমুহের বিবরণ TLCC এর সভায় আলোচনা করা হলো।	বর্তমান তথ্য ও অভিযোগ সেলের প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর সভাপতি ও একজন TLCC এর সদস্যের উপস্থিতিতে অভিযোগ বক্সটি নিয়মিতভাবে খোলা হচ্ছে। সভায় উপস্থিত সকল সদস্য মতামত দেন যে, প্রতি সপ্তাহে প্রাপ্ত সকল অভিযোগ নথিভূক্ত করতে হবে এবং সকল অভিযোগ নিস্পত্তি করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অনুরোধ করেন।	মেয়র,গণযোগাযোগ সেলের সভাপতিও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা	

ক্ষেত্র - ২ । নগর পরিকল্পনা (Urban Planning)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
৫.	ক) পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে আলোচনা।	WC এর সভায় পূর্বের গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে। WC এর সভায় আরো নতুন কিছু প্রকল্প গ্রহন করা হয়েছে। গৃহিত প্রকল্প	প্রকল্পের শর্ত মোতাবেক PDPতে প্রকল্প অন্তভুক্তির বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো এবং সর্বসম্মতিক্রমে ২০টি প্রকল্প PDPতে অন্তর্ভূক্তির বিষয়টি গৃহিত হলো।	মেয়র/নির্বাহী প্রকৌশল	

		সমূহ বাস্তবসম্মত হওয়ায় তা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করে PDP তে অন্তর্ভুক্ত করা হয়। গত সভার PDPতে আরও নতুন ৫১টি প্রকল্প অন্তভূক্তির বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছিল। তার প্রেক্ষিতে ৫১ টি প্রকল্প PDPতে অর্ন্তভুক্ত হয়েছিল। এই সভায় আরও ২০ টি প্রকল্প নিয়ে সভায় আলোচনা হলো এবং ২০ প্রকল্প PDPতে অন্তভুক্তির সিদ্ধান্ত গৃহিত হলো।			
৬.	খ) উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রন বিষয়ে আলোচনা।	ত্রৈ-মাসিক ভিত্তিতে নগর পরিকল্পনা ইউনিটের পূর্বের সভায় সিদ্ধান্ত গৃহিত সকল সিদ্ধান্ত সঠিক ভাবে বাস্তবায়িত হয়েছে কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়। গত কোয়ার্টারে যে সকল ভবন অনুমোদন হয়েছে এই কাজগুলি সঠিকভাবে তদারকির বিষয়ে আলোচনা হয়।	নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈমাসিক সভায় ভবন নির্মান অনুমোদন, তদারকি করা, ঝুঁকিপুর্ণ ভবন চিহ্নিতকরন, খাস জমি, নদীনালার অবৈধ ভরাট, ভবন মালিকদের নির্মান সমাপনী প্রতিবেদন নেওয়ার বিষয়ে আলোচনা হয়। পৌরসভার সহকারী প্রকৌশলী জানান যে ,জানুয়ারী-মার্চ এই কোয়াটারে ১০ টি বাড়ীর প্লান অনুমোদন দেওয়া হয়েছে। বাড়ী নির্মানকারীগন যাতে সঠিকভাবে পৌরসভা হতে অনুমোদনকৃত ডিজাইন মোতাবেক বাড়ী নির্মান করেন সে ব্যপারে পৌরসভার ততপরতা বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে TLCC র সদস্য জনাব নূরুল ইসলাম বলেন পৌরসভার উন্নয়ন কার্যক্রম তদারকি করার জন্য TLCC সদস্যদের দায়িত্ব পালন করতে হবে। তারা পৌরসভার উন্নয়নের কাজের অংশ হিসাবে এ দায়িত্ব পালন করবেন। তার এই প্রস্তাবের প্রেক্ষিতে অবকাঠামো কাজের মান ঠিক রাখার জন্য মেয়র মহোদয় TLCC সকল সদস্যদের উন্নয়ন কাজ তদারকী করার জন্য বিশেষভাবে অনুরোধ জানান। ভবন নির্মান অনুমোদন সহ ভৌত কাজের গুনগত মান যাতে সঠিক থাকে এ ব্যপারে মেয়র মহোদয় পৌরসভার সহকারী প্রকৌশলী সহ TLCC সকল সদস্যদের বিশেষভাবে অনুরোধ করেন। উন্নয়ন মূলক কাজ নিয়মিতভাবে তত্ত্বাবধান ও তদারকীর কাজ অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,নির্বাহী প্রকৌশলী ও নক্সাকারক	
৭.	গ) বাজেট বরাদ্দ সহ বার্ষিক O&M পরিকল্পনা প্রণয়ন বিষয়ে আলোচনা।	২০১৭-২০১৮ অর্থ বছরের পৌরসভার রাজস্ব বাজেটে O&M ১,০৯,৬০,০০০/- টাকা বরাদ্ধ রাখা হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ২০১৭-২০১৮অর্থবছরের জন্য O&M কর্মপরিকল্পনার আওতায় পাঁকা রাস্তা মেরামত ও সংস্কার, কাঁচা রাস্ড়া মেরামত ও সংস্কার, ড্রেন মেরামত ও সংস্কার, অফিস সরঞ্জামাদি, পাম্প স্টেশন, জালানী, যানবাহন ইত্যাদি বাবদ এই অর্থ ব্যয় করা হবে। O&M খাতে ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট বাজেট=৭৮,৭১,২১২/- টাকা।	২০১৭-২০১৮ অর্থবছরের O&M বাজেট অনুসারে সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। সেই মোতাবেক মেয়র মহোদয় নির্বাহী প্রকৌশলীকে কর্মপরিকল্পনা করার অনুরোধ করা হলো ।	নির্বাহী প্রকৌশলী/ হিসাব শাখা	

		চলতি কোয়াটারে জানুয়ারী-মার্চ/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে =১,০০,২০০/- টাকা।			

ক্ষেত্র ৩। নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
৮.	ক) জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক নারী দিবস সহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন।	- GAP বাস্তবায়নের নিমিত্তে গত ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়। দিবসটি পালনের জন্য সংশ্লিষ্ঠ সকলকে এবং উপস্থিত বিভিন্ন ওয়ার্ড থেকে আগত নারী/পুরুষদের ধন্যবাদ জানানো হয়। ভবিষ্যতে এরূপ দিবস সমূহে ভূল ক্রটি পরিহার করে আরোও সুন্দর করে অনুষ্ঠান সম্পন্ন করার অঙ্গিকার ব্যাক্ত করা হয়। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় নারী ও শিশুদেরদের অবসর সময় কাঠানোর জন্য কোন পার্ক নেই। এই ব্যাপারে ইতি মধ্যে অনেক আলোচনা হয়েছে কিন্ত কোন সফলতা হয়নি। তিনি আশা করেন নারী ও শিশুদের জন্য একটি পার্ক নির্মাণ সহ নারীদের বসার জন্য কয়েকটি নির্দিষ্ঠ স্থান নির্বাচন করে সেখানে বসার যায়গা নির্মান করা প্রয়োজন।	-নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত আয়োজন করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করার কাজ চলমান রাখা হবে। -নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ প্রকল্পে নির্মান কাজে মহিলা শ্রমিকের অংশগ্রহন নিশ্চিত করা সহ সমস্ত শ্রমিকদের বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান এবং লিফলেট বিতরন অব্যাহত আছে। - দারিদ্র ৩০ জন নারীদের কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। - GAP বাস্তবায়নের মাসিক/ ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন প্রস্তুতপূর্বক নিয়মিত PMO'তে প্রেরণের কাজ চলমান রয়েছে। - নারী ও শিশুদের অবাধ বিচরণ ও চিত্ত বিনোদনের জন্য একটি দৃষ্টি নন্দন ও অধুনিক পার্ক নির্মানের জন্য মেয়র মহোদয় প্রচেষ্টা চালাচ্ছেন এবং এই চেষ্টা অব্যাহত থাকবে। - নারীদের বসার জন্য পৌরসভার ডঃ শহীদ শামসুজ্জোহা পার্কে বেঞ্চের ব্যবস্থা সহ অধুনিক ব্যবস্থা করা হবে। - পৌরসভার মধ্যে নারীদের বসার জন্য ১০০টি প্লাষ্টিকের চেয়ারের ব্যবস্থা করা হবে।	- নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে প্রণীত জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রশিক্ষন, মাসিক সভা ও উঠান বৈঠক অনুষ্ঠান নিয়মিত চলমান রাখার বিষয়ে বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। - নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা হামিদা জেন্ডার এ্যাকশন প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে চলতি অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উক্ত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। - নারী ও শিশুদের বিনোদনের জন্য পার্ক সহ বিভিন্ন স্থানে বসার সুব্যাবস্থার জন্য মেয়র মহোদয় নিজেই চেষ্টা করবেন ।	
৯.	খ) দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা।	দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির মাসিক সভা নিয়মিত করা হচ্ছে। দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সাচিবিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জনাব খোন্দকার জাহিদুল হক বলেন দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা	- দরিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব খন্দকার জাহিদুল হক বলেন উক্ত কমিটির মাসিক সভা নিয়মিত করা হয় এবং সভার কার্যবিবরনী তৈরী করা হয়। সেই সাথে অনুমোদিত বস্তিতে গঠিত বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করা হয়। - আগামী মাসের মধ্যে অনুমোদিত ৬টি বস্তির অবকাঠামোর বর্তমান স্থির চিত্র ও ধারণকৃত ভিডিও চিত্র করে PMO তে প্রেরণ করতে হবে। - অনুমোদিত ৬টি বস্তিতে নিয়োমিত বস্তি উন্নয়ন কমিটির সভা করা এবং তাদের সাথে যোগাযোগ রাখা। যে কোন বিষয় নিয়ে তাদের সাথে	-পৌর এলাকার বস্তি সমূহের আর্থসামাজিক উন্নয়নের জন্য বিভিন্ন কর্মমূখী প্রশিক্ষন সহায়তা করার লক্ষ্যে বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। - দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত বস্তিসমূহের মধ্যে বস্তি উন্নয়ন কমিটির সভা নিয়মিত করার বস্তি উন্নয়ন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়। - দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
	(নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	বাস্তবায়নের জন্য প্রকল্প অফিস থেকে অনুমোদন পাওয়া ৬টি বস্তির কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) ইতি মধ্যে সম্পন্ন হয়েছে এবং CAP গুলি PMO প্রেরণ করা হয়েছে। সম্প্রতি PMO অফিস হতে সংশ্লিষ্ঠ বস্তির অবকাঠামোর বর্তমান অবস্থার স্থির চিত্র ও ধারণকৃত ভিডিও চিত্র প্রেরণের নির্দেশনা রয়েছে। তারই প্রেক্ষিতে আগামী মাসের মধ্যে সংশ্লিষ্ঠ ওয়ার্ডের কাউন্সিলর ও নারী কাউন্সিলরের সহায়তায় এবং প্রকল্পের সহায়তাকারীদের নিয়ে কাজটি সম্পন্ন করে PMO তে প্রেরণ করতে হবে।	খোলামেলা আলোচনা করা। - অনুমোদিত বস্তি ছাড়া অন্যান্য দারিদ্র এলাকায় বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করার বিষয় নিয়ে PMO'র সাথে যোগাযোগ রাখা।	কমিটির মাসিক সভায় সংশ্লিষ্ঠ ওয়ার্ড ও সংরক্ষিত নারী কাউন্সিলর গনের উপস্থিত থাকার জন্য কাউন্সিলর মহোদয়দের বলা হয়। দরিদ্র হ্রাসকরন কর্মপরিকল্পনার রুপরেখা বাস্তবায়নের জন্য দরিদ্রদের স্বাবলম্বি করে গড়ে তোলার জন্য বিভিন্ন প্রশিক্ষনের প্রয়োজনীয়তা বিবেচনা করে এবং সে অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করানোর জন্য দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। - আগামী মাসের মধ্যে অনুমোদিত ৬টি বস্তির অবকাঠামোর বর্তমান স্থির চিত্র ও ধারণকৃত ভিডিও চিত্র করে PMO তে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ঠ কাউন্সিলন, বস্তি উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের সহায়তাকারীদের দায়িত্ত দেওয়া হয়।	
১০	গ) বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য CAP প্রস্তুত ও অনুমোদিত বস্তির অবকাঠামোর বর্তমান অবস্থার স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণ প্রসংগে।	PMO হতে নির্দেশনা অনুযায়ী বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য CAP প্রস্তুত করার কাজ ইতি মধ্যে শেষ হয়েছে। অনুমোদিত ৬ টি বস্তিতে ফুট পাথ, ড্রেন, পায়খানা, টিউবওয়েল, ডাষ্টবিন ও ষ্টিটলাইট নির্মান করার জন্য পাঁচ কোটির অধিক পরিমান টাকার প্রস্তাবনা PMO তে প্রেরণ করা হয়েছে। গত ১৩/০৩/২০১৮ ইং তারিখের ইউ-১০(অংশ-৩)/২০১৮/৭০৭(৩৬) নং স্মারকে অনুমোদিত বস্তির অবকাঠামোর বর্তমান অবস্থার স্থির চিত্র ও ধারণকৃত ভিডিও চিত্র প্রেরণের অনুরোধ করা হয়েছে। সেই মোতাবেক অনুমোদিত বস্তিতে নির্দেশনা মোতাবেক স্থির চিত্র ও ভিডিও চিত্র প্রেরণের লক্ষ্যে কাজ করা হবে।	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ আলপনা বেগম সভাকে জানান যে, পৌর এলাকার ৬টি বস্তিতে উন্নয়নমূলক কাজ করার জন্য প্রকল্পের নির্দেশনা মোতাবেক ইতি মধ্যে কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) প্রস্তুত করে PMO তে প্রেরণ করা হয়েছে। মেয়র মহোদয় সভায় জানান, বেশ কয়েক মাস ধরে মেহেরপুর পৌরসভা কাজ করে অনুমোদিত বস্তিতে কমিউনিটি এ্যাকশন প্ল্যান (CAP) প্রস্তুত করে PMO তে প্রেরণ করা হয়েছে। ইতি মধ্যে ঐ সকল বস্তিতে অবকাঠামোর বর্তমান অবস্থার স্থির চিত্র ও ভিডিও চিত্র প্রেরণের নির্দেশনা এসেছে। তারই প্রেক্ষিতে সংশ্লিষ্ঠ ওয়ার্ডের কাউন্সিলর ও সংরক্ষিত আসনের নারী কাউন্সিলর এর উপস্থিতিতে স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণ করার জন্য সিদ্ধান্ত গৃহিত হল এই কাজে বস্তি উন্নয়ন কর্মকর্তা, এলসিডিএ, কমিউনিটি ফিল্ড ওয়াকার ও সংশ্লিষ্ঠ এস আই সি সার্বিক সহযোগিতা করবেন। স্থির চিত্র ও ধারণকৃত ভিডিও চিত্র আগামী মাসের মধ্যে অর্থাৎ এপ্রিল'২০১৮ এর মধ্যে PMO তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।	অনুমোদিত বস্তি সমূহে প্রকল্পের নির্দেশনা মোতাবেক সকল বস্তিতে অবকাঠামোর বর্তমান অবস্থার স্থির চিত্র ও ভিডিও চিত্র ধারণের জন্য সংশ্লিষ্ঠ ওয়ার্ড কাউন্সিলর, সংরক্ষিত আসনের নারী কাউন্সিলর, সচিব, বস্তি উন্নয়ন কর্মকর্তা, প্রকৌশল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ এসআইসির সদস্য এবং প্রকল্পের সংশ্লিষ্ঠ স্থানীয় সকল কর্মী এই কাজে সহযেগিতা করবেন।	কাজটি দ্রুত শেষ করে PMO তে প্রেরন করতে হবে।

ক্ষেত্র - ৪। স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১১.	ক) হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	প্রকল্পের শর্ত অনুযায়ী ৮৫% কর আদায়ের জন্য টিম গঠন, মাইকিং ক্যাম্পেইন প্রগ্রামের মাধ্যমে কর আদায় অব্যাহত রাখার ব্যপারে সিদ্ধান্ত গ্রহন করা হয় । মেয়র বলেন বড় বড় কর খেলাপিদের তালিকা তৈরী করে বকেয়া কর আদায়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পৌর সভার ২০১৭-২০১৮ অর্থ বছরের সরকারী ও বেসরকারী পৌরকরের মোট দাবী =১,৭৭,৩৯,৮৪৪/-টাকা। এই দাবির বিপরীতে জানুয়ারী-মার্চ/২০১৮এই তিন মাসে মোট আদায়=১৮,৪৪,০৫৫/-টাকা এবং আদায়ের হার ৫২.০০%। চলতি কোয়াটারে মোট =৪৯,৯০০/- টাকার ৩৬টি অর্ন্তবর্তীকালীন কর নির্ধারন করা হয়েছে। TLCC এর সদস্য ও কাউন্সিলর জনাব মোঃ শাহিনুর রহমান ও প্যানেল মেয়র, বলেন চলতি অর্থবছরে পৌর কর আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন জরুরী। কর আদায়ে ব্যর্থ হলে প্রকল্পের ক্ষতি হতে পারে। তাই এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য তিনি মেয়র মহোদয়কে অনুরোধ করেন।	আদর্শ কর তফশীল ২০14 অনুযায়ী নতুন ও সম্প্রসারিত ভবনের অন্তবর্তী কর নির্ধারন কার্যক্রম চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষে গত কোয়াটারে হোল্ডিং মালিকদের প্রতি নোটিশ জারী করা হয়েছে। এছাড়া সংশ্লিষ্ট কর আদায়কারী, কাউন্সিলর এবং TLCC এর সম্মানিত সদস্যদের সমন্বয়ে কর আদায় টিম গঠনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বকেয়া ও চলতি পৌরকর ১০০% আদায়ের লক্ষ্যে উক্ত টিমের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের গুরুত্বপূর্ণ মহল্লায় ক্যাম্পেপেইনিং এবং মাইকিং করে পৌর কর আদয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় বলেন চলমান আদায়ের লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় জোরদার করার জন্য পৌর পরিষদ এবং TLCC এর সকল সদস্যদেরকে তাদের উপর অর্পিত দায়ীত্ব যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ জানান। সভার সম্মানিত সভাপতি ও মেয়র মহোদয় আরও বলেন, কর শাখার সকল আদায়কারীকে চলমান ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মপরিকল্পনা তৈরী করে কর্মপরিকল্পনা অনুযায়ী পৌর কর আদায়ের কার্যক্রম চালানোর জন্য নির্দেশ দেন। সভায় কর আদায়ের অগ্রগতি মাসের শেষে সচিবের মাধ্যমে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব /ট্যাক্স শাখা	
১২.	খ) পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ বিষয়ে আলোচনা।	পৌরসভার আওতায় মোট ৪৫৮ টি নিজস্ব দোকান ঘর আছে। দোকান ঘর ভাড়া বাবদ ২০১৭-২০১৮ অর্থ বছরে দাবী (বকেয়া ও চলতি)=৩৪,৫৩,৪৩৫/- টাকা। ৩০ মার্চ ২০১৮ পর্যন্ত দোকান ঘর ভাড়া বাবদ মোট আদায় হয়েছে =১৯,৬৮,০৩০/- টাকা। আদায়ের হার=৫৭.২৫% । ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট ট্রেড লাইসেন্স এর সংখ্যা ১৮৬১ টি। ট্রেড	সভায় মেয়র মহোদয় উপস্থিত সকল সদস্যদের সাথে আলোচনা করে পৌরসভার মালিকানাধিন দোকানের ভাড়া আদায়ের জন্য পৌরসভার সচিবকে কমিটি গঠনের নির্দেশ দেন এবং উভয় কাজের অগ্রগতির প্রতিবেদন পরবর্তী টিএলসিসি সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সচিব/হিসাব শাখা/ সাধারন শাখা/লাইসেন্স শাখা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		লাইসেন্স আদায়ের মোট দাবী =২৪,২৪,১৮৪/- টাকা । জানুয়ারী/২০১৮ হতে মার্চ-২০১৮ তিন মাসে ২৭৪টি ট্রেড লাইসেন্স প্রদান করা হয়। আদায়কৃত টাকার পরিমাণ =৪,৫৩,১০৫/- টাকা আদায়ের হার ৭৭.২৩। জানুয়ারী/২০১৮ হতে মার্চ-২০১৮ পর্যন্ত ০৪টি বিশুদ্ধ খাদ্য লাইসেন্স বাবদ =১৬০০/-(চার হাজার পাঁচশত) টাকা ও অন্যান্য সনদ প্রদান করা হয়েছে২১টি এবং ফি বাবদ আয় হয়েছে =৪২০০০/-। অযান্ত্রিক যানবাহন বাবদ ২০১৭-১৮ অর্থ বছরের জানুয়ার‌ি ২০১৮ হতে মার্চ ২০১৮ কোয়াটারে ১৪৩টি লাইসেন্স প্রদান কর হয়েছে এবং আদায় হয়েছে =৪১,২৯১/- টাকা। ঠিকাদারী টেড্র লাইসেন্স জানুয়ারী/২০১৮ হতে মার্চ২০১৮ কোয়াটারে মোট ০৯টি প্রদান করা হয়েছে। যার বিপরীতে =১০,৪৫০/-(ত্রিশ হাজার পাঁচশত পচাত্তর) টাকা আদায় হয়েছে। কর-বহির্ভুত রাজস্ব আদায় বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।			
১৩.	গ) কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন বিষয়ে আলোচনা।	আগামী অর্থ বছরেও মেহেরপুর পৌরসভার কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রাখা রয়েছে এবং গ্রাহকের বাড়ি বাড়ি বিল যথাসময়ে পৌছানোর কাজ চলমান রাখা হয়েছে । -মাসিক ভিত্তিতে ট্যাক্স প্রতিবেদন প্রস্তত করে মেয়র মহোয়ের নিকট উপস্থাপন ও PMO তে প্রেরন বিষয়ে সভায় আলোচনা।	কম্পিউটারাইজড হোল্ডিং ট্যাক্স বিল জারির কার্যক্রম চলমান রয়েছে। ত্রৈমাসিকের বিল প্রিন্ট করে গ্রাহকের বাড়ি বাড়ি গিয়ে বিল যথাসময়ে পৌছে দেওয়া হচ্ছে। TLCC এর সম্মানিত সদস্য ও পৌর কাউন্সিলর ও কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভাপতি জনাব সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি পৌর কর আদায়ের হার যাতে ৯০% এর উপরে হয় এবং এই ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট কর আদায়কারী কর নিরুপন ও আদায় সংক্রান্ত স্থায় কমিটির সকল সদস্যদের বিষেশভাবে অনুরোধ জানান। কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থার প্রবর্তণ এবং কম্পিউটারে বিল প্রস্তত করার কাজ চলমান থাকবে। নতুন রেট অনুযায়ী কম্পিউটারাইজড বিল প্রিন্টের প্রতিবেদন প্রতি মাসে মেয়র মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ড় হয়। প্রতি কোয়ার্টারে কম্পিউটারাইজড বিল প্রিন্ট করে গ্রাহকের নিকট উক্ত বিল প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	এ্যাসেসর ও **ট্যাক্স কালেক্টর**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
			কম্পিউটারাইজড বিল প্রিন্টের কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাৎসরিক কর্মপরিকল্পনা করে কর আদায় বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।		
১৪.	ঘ) পানির বিল নির্ধারণ ও সংগ্রহ বিষয়ে আলোচনা।	পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মাইকিং, প্রচারণা করাসহ TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। -প্রতি ৩ মাস অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা করে প্রতিবেদন তৈরী করে মেয়র এর নিকট উপস্থাপন ও PMO তে প্রেরণ করা হয়েছে ।	মেহেরপুর পৌরসভায় ২০১৭-২০১৮ অর্থ বছরের পানি শাখার চলতি ও বকেয়া সহ মোট দাবীর পরিমান =৫৭,২৮,৯২৩/-টাকা। যার মধ্যে চলতি আদায়=১৪,২৭,৩৭৫/-। জানুয়ারী-মার্চ কোয়াটারে আদায়=১৩,২৭,৫৬৪/-টাকা মাত্র। তিন মাসে মোট আদায়ের পরিমান চলতি ও বকেয়া =৪১,৮৪,২২১/- (একচল্লিশ লক্ষ চুরাশি হাজার দুইশত একুশ) টাকা মাত্র। আদায়ের হার হার ৭৩.০৪%। পানির বিল আদায় অব্যহত রাখার জন্য মাইকিং করা, টিম গঠন করে পানির বিল আদায় বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় আলোচনা করা হয়। পানি শাখার বিল ক্লার্ক জনাব মোঃ হাবিবুর রহমান বলেন সংযোগ বিচ্ছিন্নসহ গ্রাহকদের নিকট থেকে বকেয়া আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাকে অনুরোধ জানান। বকেয়া পানির বিল আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে বকেয়া পানির বিল আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ভারপ্রাপ্ত পানি সুপারকে অনুরোধ করা হয়। পৌরসভায় কোন কোন এলাকায় পানির সংযোগ লাইন না থাকায় এ ব্যাপারে TLCC এর সম্মানিত সদস্য ও সংরক্ষিত কাউন্সিলর জনাব নূরুর আশরাফ রাজিব বলেন, যেসব এলাকায় পানির সংযোগ লাইন নাই, সেসব এলাকায় নতুন করে পানির সংযোগ লাইন এর ব্যবস্থা গ্রহনসহ, পানির বিল আদায় বৃদ্ধির লক্ষ্যে মইাকিং, প্রচারণা করাসহ একটি বাৎসরিক কর্মপরিকল্পনা তৈরী করে সে মোতাবেক আদায়ের অগ্রগতি TLCC ও WC এর সভায় নিয়মিত আলোচনা করার সিদ্ধান্ত নেওয়া হয়। পানির বিল পরিশোধ না করলে পানির সংযোগ বিচ্ছিন্ন করণসহ বকেয়া গ্রাহকের বাসার সামনে লাল পোষ্টার লাগানোসহ সকল ধরণের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এই ধারা অব্যহত থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	ওয়াটার সুপার	

ক্ষেত্র ৫। আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা (Financial Management, Accountability and Sustainability)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১৫.	ক) কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের প্রশিক্ষন/অরিয়েন্টেশনের ব্যবস্হা গ্রহন এবং রাজস্ব আয় বৃদ্ধির পরিকল্পনা সম্পর্কে আলোচনা।	১। অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভাপতি সাহেব মেহেরপুর পৌরসভার দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের গুরুত্ব অপরিসিম। বিধায় সকল কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষন গ্রহনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক উইজিআইপি-৩ এর মাধ্যমে প্রশিক্ষন/অপিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।	১। পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষন/অরিয়েন্টেশনের জন্য নিয়ামক কর্তৃপক্ষ ও প্রকল্প পরিচালক UGIIP-III এর মাধ্যমে প্রশিক্ষন/অপিয়েন্টেশন গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়। ২। পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির জন্য নতুন মার্কেট ও নতুন ভাবে হাট সৃষ্টির জন্য মেয়র মহোদয়ের সাথে আলোচনা ক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হলো।	মেয়র,মেহেরপুর পৌরসভা।	
১৬.	২০১৬-১৭ অর্থ বছরের আভ্যন্ড়রীন নিরীক্ষা অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা।	২০১৬-১৭ র্অথ বছরের ০৯ টি উৎথাপিত আপত্তির মধ্যে বিদুৎ বিলের বকেয়া টাকা, বিএমডিএফ এর বকেয়া টাকা, অতিশিঘ্র পরিশোধের জন্য মেয়র কে অনুরোধ করা হলো। হোল্ডিং ট্যাক্স, ঘরভাড়া, পানিকর আদায়ের হার বৃদ্ধির জন্য আরো তৎপর হওয়ার জন্য মেয়র মহাদয়কে কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। আসবাবপত্রে অমুছনিয় কালি দ্বারা চিহ্ন করায় এবং ভ্যাট ও আয়করের টাকা সরকারী কোষাগারে জমা করায় প্রমানকের আলোকে আপত্তি ০৩ টি নিস্পত্তি করা হলো।	সভাপতি সাহেব মেয়র মহোদয়ের সাথে আলোচনা ক্রমে পৌরসভার যাবতীয় রাজস্ব আদায়ের কার্যকরি পদক্ষেপ গ্রহন করবেন।	মেয়র/সচিব মেহেরপুর পৌরসভা।	
১৭.	গ) কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন বিষয়ে আলোচনা।	কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থা চলমান রাখা হয়েছে । জানুয়ারী-মার্চ/২০১৮ইং মাসের Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন এবং PMO তে প্রেরণ করার সিদ্দান্ত গ্রহণ করা হয়েছে। Receipts & Payments Posting সম্পন্ন করে	প্রতি মাসের শেষে Receipts & Payments Posting সম্পন্ন করে হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা এবং PMO তে প্রেরণ করার কাজ চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	**হিসাব রক্ষণ কর্মকর্তা**	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		হিসাব প্রতিবেদন মেয়র মহোদয়ের-এর নিকট উপস্থাপন করা হয়েছে এবং ০৫/০৪/২০১৮ইং তারিখের মধ্যে PMO তে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।			
১৮.	ঘ) বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ বিষয়ে আলোচনা।	প্রকল্পের শর্তানুযায়ী নিয়মিত ভাবে বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করা হচ্ছে। ৩০ জুন/২০১৮ এর মধ্যে বিদ্যুৎ ও টেলিফোন বিলের ৯০% পরিশোধ করতে হবে। বিদ্যুৎ/টেলিফোন বিলসমুহ পরিশোধ করার জন্য ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। বিদ্যুৎ ও টেলিফোন বিল পরবর্তী অর্থ বছরের নিয়মিত পরিশোধ করার কর্মপরিকল্পনা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলে। পৌরসভায় মোট বিদ্যুৎ বিল বকেয়া আছে=৬৭,০৩,৩৫৪/- টাকা। ইতিমধ্যেই পরিশোধ করা হয়েছে=৪,১৪,০৩৩/-। সভায় পৌরসভার হিসাব রক্ষন কর্মকর্তা জানান যে কোন টেলিফোন বিল বকেয়া নাই।	পৌরসভার হিসাব রক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ৩০জুন/২০১৮ মধ্যে প্রকল্পের শর্ত মোতাবেক ৯০% বিদ্যুৎ পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয়কে অত্র সভা অনুরোধ জানান। সতিনি আরও জানান যে,টেলিফোন বিল ১০০% পরিশোধ করা হয়েছে।	মেয়র,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	
১৯.	ঙ) স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন বিষয়ে আলোচনা।	স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হলো ।সিদ্ধান্ত গৃহিত হয়েছিল। স	ইতোমধ্যে পৌরসভার স্থায়ী সম্পদের হালনাগাদ করা হয়েছে। হালনাগাদ তথ্যাদিতে পৌরসভার ভূ-সম্পত্তি, ভবনাদি, যানবাহন, পানি সরবরাহ শাখার সম্পদসহ পৌরসভার রাস্তাঘাট, ব্রীজ-কালভার্ট ও ড্রেনের তথ্যাদি সংযোজন করা হয়েছে। এ ধারা অব্যাহত থাকবে। স্থায়ী সম্পদের অবচয় হিসাব খোলা হয়েছে। হিসাব নং-পূর্বালী ব্যাংক চলতি হিসাব নং-২৯২৭-১। সভায় স্থায়ী সম্পদের রেজিস্টারে পৌরসভার স্থায়ী সম্পদ সমূহ নিয়মিত লিপিবদ্ধ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং অবচয় হিসাব সঠিক ভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র,সচিব,হিসাব রক্ষন কর্মকর্তা।	
২০.	চ) সকল সরকারি ঋণ পরিশোধ বিষয়ে আলোচনা।	**BMDF** নিকট থেকে =১,০৯,৪৬,৫১৫/- টাকা ঋণ গ্রহণ করা হয়েছিল। যার বিপরিতে =৯৯,৬৭,৬৪৫/- টাকা পরিশোধ করা হয়েছে। **BMDF** নিকট থেকে	প্রকল্পের শর্ত মোতাবেক **BMDF** এর ঋণ ৯০% এর উপরে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র,সচিব, হিসাব রক্ষণ কর্মকর্তা	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		=১,০৯,৪৬,৫১৫/- ঋণ গ্রহণ করা হয়েছিল। ২০১৭-২০১৮ অর্থ বছরে পরিশোধযোগ্য ঋণের পরিমাণ =১৪,১২,৬৯০/- টাকা । ২০১৭-১৮অর্থ বছরের মধ্যে উক্ত টাকা পরিশোধের ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। এর মধ্যে =৪,৩৪,৪১০/- টাকা দন্ড সুদ হিসাবে বকেয়া আছে।			

ক্ষেত্র ৬। প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency).

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২১.	ক) স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)	মার্চ/২০১৮ পর্যন্ত সকল স্থায়ী কমিটির সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে । অত্র পৌরসভাার ১১টি স্থায়ী কমিটি আছে । উক্ত স্থায়ী কমিটি সকল সভা যথা সময়ে অনুষ্ঠিত হয়েছে। আগামী ৩০ জুনের আঘে সকল স্থায়ী কমিটির সভা যথা সময়ে করার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।	অত্র পৌরসভায় ১১টি স্থায়ী কমিটি আছে। উক্ত স্থায়ী কমিটির জানুয়ারী-মার্চ/২০১৮ইং মাসের সকল সভা বিভিন্ন তারিখে অনুষ্ঠিত হয়েছে। আগামী কোয়াটারে অর্থাৎ ৩০জুন/২০১৮ এর আগে সকল স্থায়ী কমিটির সভা করার জন্য মেয়র মহোদয় সকল স্থায়ী কমিটির সভাপতিকে অনুরোধ জানান।	সকল স্থায়ী কমিটির সভাপতি	
২২.	গ) সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/IT ব্যবহার বিষয়ে আলোচনা।	২০০৯খ্রিঃ হতে মেহেরপুর পৌরসভায় ট্রেড লাইসেন্স , পানির বিল, পৌর কর, হিসাবরক্ষণ ব্যবস্থাপনা সফটওয়ার পুরো-পুরি চালু রয়েছে। পৌরসভার যাবতীয় গুরুত্বপূর্ণ তথ্য ওয়েবসাইটে প্রত্যাহ হালনাগাদ করার জন্য পৌর তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোক্তা জনাব মোঃ সানোয়ার হাসান'কে দায়িত্ব দেয়া হয়। জন্ম-মৃত্য সনদ কম্পিউটারে রেকর্ড রাখা এবং অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এই কার্যক্রমের আওতায় কম্পিউটারাইজড একাউন্টিং সফটওয়ার চলমান আছে। চলতি মাসেই নতুন সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করা হবে। মেহেরপুর পৌরসভার ওয়েবসাইট খোলা আছে যার ঠিকানা www.meherpurmunicipality.com যে কেউ চাইলেই পৌর ওয়েব সাইটে প্রবেশ করে বিভিন্ন তথ্য জানতে পারবেন সে সব বিষয়ে সহজীকরন করা হবে । এ ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া সফটওয়ার ব্যবহারের উপর প্রশিক্ষণ প্রদান করে এই সেবা সমূহগুলো আরো গতিশীল করার সিদ্ধান্ড় গৃহীত হয়।	মেয়র ও সচিব/প্রশাসনিক কর্মকর্তা ,পৌরসভার ডিজিটাল সেন্টার।	

ক্ষেত্র ৭। পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২৩.	ক) বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ বর্জ্য ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার জন্য সভায় বিস্তারিত আলোচনা হলো।	২০১৭-১৮ অর্থ বছরে মেহেরপুর পৌরসভার বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হয়েছে। টিএলসিটি সদস্য রুনা আপা ময়লা আবর্জনা পরিষ্কারের কার্যক্রম আরও জোরদার করার জন্য মেয়র মহোদযকে অনুরোধ করেন। এই বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং সকলে তার এই সিদ্ধান্তকে স্বাগত জানান। মেহেরপুর পৌরসভায় নিয়মিত বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনার জন্য ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট=৩৩,,৭০,০০০/- এবং জানুয়ারী-মার্চ/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে =৮,৪২,৩০০/- টাকা। বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে বর্জ্য সংগ্রহ ও অপসারণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	
২৪.	খ) ড্রেন পরিষ্কার ও রক্ষণবেক্ষণ বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ ধারা অব্যাহত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। কর্ম-পরিকল্পনা অনুযায়ী যাবতীয় কার্যাদি সম্পন্ন করা হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন। TLCC সদস্য সাইদা লতা পৌরসভার ড্রেন পরিস্কার পরিচ্চনের ব্যাপারে সন্তোাষ্টি প্রকাশ করেন । সেই সাথে তিনি ড্রেনের সাথে যাদের সুয়ারেজ লাইন আছে সেই সকল লাইন অপসারনের জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। মেয়র মহোদয় এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে সভাকে অব্যাহিত করেন। ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন কার্যক্রম কর্ম পরিকল্পনা মোতাবেক সুষ্ঠুভাবে	বর্ষা মৌসুমের আগেই পৌরসভার যে সকল ড্রেন এখনও পরিষ্কার হয়নি সেগুলো পরিষ্কার করতে হবে। ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করার জন্য একটি কর্মপরিকল্পনা করার জন্য মেয়র মহোদয় পৌরসভঅর নির্বাহী প্রকেওঃশলীকে নির্দেশ দেন এবং সেই কর্ম পরিকল্পনা অনুযায়ী দ্রুত ড্রেন পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী ও কঞ্জারভেন্সী ইন্সেপেক্টর।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
		পরিচালিত হচ্ছে । ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট=৫১,০৩০০০/- টাকা । জানুয়ারী-মার্চ/২০১৮ কোয়াটারে মোট ব্যয় হয়েছে=১২,২৯,৫৭০/-টাকা।			
২৫.	গ) সড়ক বাতি কার্যকর রাখার বিষয়ে আলোচনা।	শতভাগ সড়ক বাতি নিশ্চিত করণে আগামী ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এ ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। চলতি কোয়াটারে চাহিদা মোতাবেক প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জামাদিও মালামাল ক্রয় কর হয়েছে। বাতি পরিদর্শকের রিপোর্টি অনুযায়ী স্থাপিত সড়ক বাতিগুলো সচল আছে। পৌরসভার ১০০% সড়ক বাতি কার্যকর রাখার নিমিত্তে ২০১৭-১৮ অর্থ বছরের =৪০,৪০০০০/- টাকার বাজেট বরাদ্দ আছে। জানুয়ারী-মার্চ/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েঠে=৩,৬৭,০০০/-টাকা।	বর্তমানে পৌরসভায় ৯০ ভাগ এলাকায় বিদ্যুৎ লাইন কার্যকর আছে। বাকি এলাকাতেও পর্যায় ক্রমে সড়ক বাতি কার্যক্রর করা হবে। TLCC অধিকাংস্য সদস্য বর্তমানে সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	মেয়র ও সচিব, নির্বাহী প্রকৌশলী	
২৬.	ঘ) অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যকারি করণ বিষয়ে আলোচনা।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক প্রকৌশল বিভাগ কর্তৃক সরেজমিনে নিয়মিত পরিদর্শন করে যাবতীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team এর কর্ম পরিকল্পনা মোতাবেক মেরামত যোগ্য কার্যাদি সম্পন্নের জন্য পৌরসভার প্রয়োজনীয় বাজেট বরাদ্দ রাখা হয়েছে যা; প্রকৌশল বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়ন করা হচ্ছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট=৪,০০,০০০/-টাকা। জানুয়ারী-মার্চ/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে =১,৬৮,৫০২/-টাকা।	অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক সকল মেরামত যোগ্য কার্যাদি বাস্তবায়নে Mobile Maintenance Team কর্তৃক নিয়মিত পরিদর্শন এবং মেহেরপুর পৌরসভার ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ কাজে পৌরসভার প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা।	

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
২৮	ক) স্যানিটেশন কার্যক্রম অব্যহত বিষয়ে আলোচনা।	মেহেরপুর পৌরসভার ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্যানিটেন ব্যবস্থাপনার এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়েছে। স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণসহ কর্ম-পরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম পরিচালিত হচ্ছে। মেহেরপুর পৌরসভার নিয়মিত স্যানিটেশন কার্য্যক্রম পরিচালনার জন্য ২০১৭-১৮ অর্থ বছরে বাজেট=৭,০০,০০০/-টাকা বাজেট বরাদ্দ আছে। জানুয়ারী-মার্চ/২০১৮ কোয়াটারে ব্যয় হয়েছে=১,৭৪,০০০/-টাকা।	মেহেরপুর স্যানিটেশন ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। TLCC অধিকাংশ সদস্য বর্তমানে মেহেরপুর পৌরসভার স্যানিটেশন কাজের প্রতি সন্তোষ্টি প্রকাশ করেন এবং পরবর্তীতে এ ধারা অব্যাহত রাখার জোর সুপারিশ করেন।	নির্বাহী প্রকৌশলী,মেহেরপুর পৌরসভা।	

আলোচ্যসূচী - ৩ ঃ বিবিধ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তি	মন্তব্য
১	পৌরসভা নিয়ন্ত্রিনাধীন শামছুজ্জোহা পার্কের উন্নয়ন বিষয়ে বিষয়ে আলোচনা।	শামছুজ্জোহা পার্কের উন্নয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো।	সকলের আলোচনার প্রেক্ষিতে মেয়র মহোদয় সভাকে অবগত করান যে,শামছুজ্জোহা পার্কের উন্নয়নের কাজ শুরু হয়েছে। পার্কের উন্নয়নের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহন করা হবে।	মেয়র,পরিষদ ও নির্বাহী প্রকৌশলী মেহেরপুর পৌরসভা।	
২	মশক নিধন বিষয়ে আলোচনা।	TLCC এর প্রায়ই সকল সদস্য মশা নিধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান। সকলে জানান যে, মশা যদি নিয়ন্ত্রেনে রাখা যায় তাহলে অনেক রোঘ থেকে মুক্তি পাওয়া যায়। । তাই সকল এলাকায় মশা নিধন কার্যক্রম জোর দার করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান।	মশা নিধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মেয়র মহোদয় তাৎক্ষনিক পৌরসভার সচিব ও সংশ্লিষ্ট সকলকে নির্দেন দেন।	সচিব ও নির্বাহী প্রকৌশল	

৩	ডাস্টিবিন নির্মাণ প্রসংগে।	পৌরসভা এলাকায় আরোও ডাস্টবিন নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। TLCC এর সম্মানীত সদস্য জনাব চায়না খাতুন জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক কিছু কিছু জায়গায় ডাস্টবিন তৈরী করা হয়েছে। পকেট রোডের মাথায় আরও কিছু ডাস্টবিন তৈরী করার জন্য মেয়র মহোদয়কে অনুরোধ জানান। ফলে মানুষ আর যেখানে সেখানে ময়লা আবর্জনা ফেলছে না । ইহাতে জনস্বাস্থ্যের উন্নতি ঘটছে। আরো কিছু এলাকায় ডাস্টবিন নির্মানের জন্য তিনি প্রস্তাব করেন।	সভার সিদ্ধান্ত মোতাবেক মেহেরপুর পৌরসভা এলাকায় ডাস্টবিন নির্মানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য সর্বসম্মতিক্রমে মেয়র মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।	পৌর পরিষদ ও প্রকৌশল বিভাগ।	

স্বাক্ষরিত-
মোঃ মাহফুজুর রহমান রিটন
মেয়র
মেহেরপুর পৌরসভা।
মোবাইল নম্বরঃ ০১৭১৬-০৩৭৬৩৮
ফ্যাক্স নম্বরঃ ০৭৯১-৬২১৯৯।

স্মারক সংখ্যা/মেপৌ/সাধা/২০১৮ /১৩৪(৫২) তারিখঃ ২১/০৩/২০১৮ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প
এলজিইডি ভবন,আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। জনাব .... সদস্য, TLCC কমিটি, মেহেরপুর পৌরসভা।

৩। অফিস নথি।